তারিখ 26 JUL 2016
পৃষ্ঠা ... কলাম ...

যুগান্তর

বরিশাল বিশ্ববিদ্যালয়

# সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা ১৮ ও ১৯ নভেম্বর

**বরিশাল ব্যুরো**

বরিশাল বিশ্বদ্যিালয়ের (ববি) সম্মান প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা আগামী ১৮ ও ১৯ নভেম্বর অনুষ্ঠিত হবে। তবে কবে থেকে ভর্তি ফরম ছাড়া হবে সে সিদ্ধান্ত নেয়া হয়নি বলে জানিয়েছেন জনসংযোগ কর্মকর্তা মো. ফয়সল মাহমুদ রুমি। তিনি জানান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় অ্যাসোসিয়েশনের সিদ্ধান্ত অনুযায়ী ভর্তি পরীক্ষার তারিখ জানিয়ে দেয়া হয়েছে। পরবর্তীতে ভর্তি ফরম কবে ছাড়া হবে সেই সিদ্ধান্ত নেয়া হবে। এক মতবিনিময় সভায় ভর্তি পরীক্ষার তারিখ নির্ধারণের কথা জনান ভিসি ড. এসএম ইমামুল হক। ওই সভায় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. একেএম মাহবুব হাসান, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. মুহসিন উদ্দীন, জীব বিজ্ঞান অনুষদের ডিন ড. হাসিনুর রহমান, রেজিস্ট্রার মনিরুল ইসলাম। ভর্তি পরীক্ষা স্থায়ী ক্যাম্পাসে নেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে।